গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার অর্জুনা নামক এলাকাকে যমুনা নদীর ভাঙন হতে রক্ষার্থে নদী তীর সংরক্ষণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-১২-২০২০।
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভায় জানান যে, আলোচ্য প্রকল্পটি গত অক্টোবর, ২০১৭ সময়ে শুরু হয় এবং আগামী জুন, ২০২১ তারিখের মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পটির সংশোধিত ডিপিপি মোতাবেক প্রাক্কলিত ব্যয় ৩২০৮৫.৯১ লক্ষ টাকা।

২। সভায় প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত

১	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো আরও জানান, প্রকল্পের আওতাধীন ৫.৮৫ কিঃ মিঃ নদী তীর প্রতিরক্ষা কাজ ২১(একুশ)টি প্যাকেজে বাস্তবায়নাধীন রয়েছে। গত জুন' ২০২০ সময় পর্যন্ত প্রকল্পটির ক্রমপূঞ্জীভূত বাস্তব অগ্রগতি ৩৭.৪১% এবং আর্থিক অগ্রগতি ৮৮৩৫.০২ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় ৪(চার)টি প্যাকেজে সর্বমোট ১০১০৬.৪৮ লক্ষ টাকা চুক্তিমূল্যে যমুনা নদী ড্রেজিং কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। স্থানীয় বাসিন্দাগণের বাধার কারণে ড্রেজিং কাজ আরম্ভ করা যাচ্ছে না। সমস্যা সমাধানে জেলা প্রশাসক, টাঙ্গাইল; পুলিশ প্রশাসন, টাঙ্গাইল ও স্থানীয় জনপ্রতিনিধিগণের নিকট সহায়তা চাওয়া হয়েছে। অতিসত্ত্বর সমস্যা সমাধান হতে পারে। আলোচ্য প্রকল্পের সর্ব-ভাটিতে নদী ভাঙ্গন ভয়াবহ রূপ ধারন করেছে। উক্ত ভাঙ্গনে প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিরক্ষা কাজ ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে। চলতি ২০২০ সালের বন্যায় উক্ত এলাকায় নদী ভাঙ্গনে প্রতিরক্ষা কাজের ক্ষতি হওয়ার আশংকা দেখা দিলে প্রকল্পের আওতায় ষ্টক পাইলের জিও-ব্যাগ ডাম্পিং কাজ বাস্তবায়নের মাধ্যমে ৩০০মিটার দৈর্ঘ্যে নদী ভাঙ্গন প্রতিরোধ করা হয়। বর্তমানে উক্ত ৩০০ মিটারের ভাটিতে আবারো ভাঙ্গন দেখা দেওয়ায় প্রকল্পের আওতায় ষ্টক পাইল হিসেবে মজুত থাকা অবশিষ্ট ৭০,০০০(সত্তর হাজার)টি জিও-ব্যাগ ডাম্পিং করে উক্ত নদী ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) যমুনা নদীতে ড্রেজিং কাজ বাস্তবায়নের লক্ষ্যে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভায় বিস্তারিত আলোচনা করে বাধা বিপত্তি নিরসন করে দ্রুত ড্রেজিং কাজ আরম্ভ করতে হবে। গ) প্রতিরক্ষা কাজ টেকসই করার লক্ষ্যে প্রকল্পের ভাটিতে জিও-ব্যাগ ডাম্পিং করে নদী ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৪৩.১৭-৪৫৫

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার অর্জুনা নামক এলাকাকে যমুনা নদীর ভাঙন হতে রক্ষার্থে নদী তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, বা/এ, ঢাকা।

১৭) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৫), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব